# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# বাজেট

## ২০২৩-২৪



**মনিটরিং সেল**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

www.mof.gov.bd

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### ১. ভূমিকাঃ

বাংলাদেশ টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও দক্ষ নিয়ন্ত্রণের স্বার্থে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) মোতাবেক বিগত ৩১ জানুয়ারি ২০০২ সালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়।

### ২. রূপকল্প (Vision)ঃ

দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত ও সুসংহত করা, বৃহত্তম জনগোষ্ঠীর জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-সাপেক্ষ ও আধুনিকমানের টেলিযোগাযোগ সেবা প্রদান এবং টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের ব্যবস্থা গ্রহণ।

### ৩. অভিলক্ষ্য (Mission)ঃ

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী মানসম্পন্ন এবং আন্তর্জাতিকমানের টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ।

### ৪. প্রধান কার্যাবলীঃ

- বাংলাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং টেলিযোগাযোগ সেবা প্রদান নিয়ন্ত্রণ ও সেবা খাতে উৎকর্ষ সাধন;
- দেশীয় গ্রাহকগণের উপর আরোপিত চার্জের হার এবং টেলিযোগাযোগ সেবার প্রাপ্যতা, মান ও বৈচিত্রের ব্যাপারে তাদের স্বার্থ রক্ষা করা;
- টেলিযোগাযোগের ক্ষেত্রে গবেষণা ও উন্নয়ন এবং টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবনী কার্যক্রম ও বিনিয়োগকে উৎসাহ প্রদা;
- গ্রাহকগণের সামাজিক অর্থনৈতিক স্বার্থ রক্ষা ও তাদের প্রয়োজন মোতাবেক যথাযথ ভাবে সাড়া দেয়া এবং টেলিযোগাযোগ সেবা প্রদানকারীর বিদ্যমান কিংবা সম্ভাব্য পীড়নমূলক বা বৈষম্যমূলক আচরণ বা কার্যকলাপ নিয়ন্ত্রণ ও দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করা;
- উন্নত টেলিযোগাযোগ সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পারিক প্রতিযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা এবং এতে উৎসাহ প্রদান করা;
- টেলিযোগাযোগের একান্ততা (Privacy) রক্ষার ব্যবস্থা নিশ্চিত করা;
- বাংলাদেশ এবং বর্হিবিশ্ব হ'তে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং বাংলাদেশে এদের প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা এবং তদনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বা ক্ষেত্রমত সরকারের নিকট সুপারিশ প্রদান করা।
- টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে একটি সেবার আয় হ'তে অন্য সেবা খাতে ভর্তুকি (Subsidy) প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা;
- টেলিযোগাযোগ ব্যবস্থায় সুষ্ঠু পরিবেশ ও গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধির জন্য টেলিযোগাযোগ খাতের পরিচালন-পদ্ধতি যেমন-গ্রাহক নিবন্ধন প্রক্রিয়া, মোবাইল নাম্বার পোর্ট্যাবিলিটি (এমএনপি) বিষয়ক গাইডলাইন, টাওয়ার শেয়ারিং সংক্রান্ত নীতিমালা এবং ও **ILDTS Policy** প্রণয়ন করা; এবং
- অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ যেমন-জাতীয় নিরাপত্তা রক্ষা, বিডি-সার্ট (**BD-CSIRT**) গঠন, জনসচেতনতা সম্পর্কিত কার্যক্রম, অভিযোগ ব্যবস্থাপনা টাস্কফোর্স গঠন, সামাজিক দায়বদ্ধতা তহবিল গঠন, মোবাইল, পিএসটিএন ও আইপিটিএসপি সার্ভিসের যৌক্তিক ট্যারিফ নির্ধারণসহ এর সুষ্ঠু পরিচালনসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

**৫. কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

- বাংলাদেশ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করতে পারে এমন একটি টেলিযোগাযোগ ব্যবস্থার সুশৃঙ্খল উন্নয়ন এবং তাতে উৎসাহ প্রদান করা;
- বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক বাস্তবতা অনুসারে যতদূর সম্ভব বৃহত্তম জনগোষ্ঠির জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-নির্ভর ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রাপ্তির সুযোগ নিশ্চিত করা;
- জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে প্রতিযোগিতা করার মত একটি নির্ভরযোগ্য ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রদান নিশ্চিত করা;
- টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবস্থা প্রতিরোধ ও অবসান, প্রতিযোগিতামূলক এবং বাজারমুখী ব্যবস্থার উপর ক্রমবর্ধমান হারে নির্ভরতা অর্জন এবং সংগতি রেখে যথাযথ ক্ষেত্রে কমিশনের কার্যকর নিয়ন্ত্রণ নিশ্চিত করা; এবং
- নতুন নতুন টেলিযোগাযোগ সেবা প্রবর্তন এবং দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের বাংলাদেশ টেলিযোগাযোগ খাতে বিনিয়োগ করার জন্য অনুকূল পরিবেশ সৃজন করা।

**৬. সাম্পতিক অর্জনসমূহ (২০১৯-২০, ২০২১-২২ এবং ২০২২-২৩ ):**

- বিগত তিন অর্থ বছরে মোবাইল গ্রাহক ১৮.৪৪ কোটি এবং ইন্টারনেট গ্রাহক ১২.৬২ কোটিতে উন্নীত হয়েছে। টেলিডেনসিটি ১০৬.২৩% এবং ইন্টারনেট ডেনসিটি ৭২.৫৭% এ উন্নীত হয়েছে;

- কার্যকর রেগুলেটরি ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য টিলিকম মনিটরিং সিস্টেম (টিএমএস) স্থাপিত হয়েছে। এই রেগুলেটরি মনটরিং ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে তথ্য সংগ্রহ এবং রির্পোটিং প্রক্রিয়া স্বয়ংক্রিয় হয়েছে;

- মোবাইল অপারেটরদের সেবার মান যাচাই এর লক্ষ্যে দেশব্যাপী ড্রাইভ-টেস্ট কার্যক্রম শুরু হয়েছে। ইতিমধ্যে ঢাকা শহর (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন), চট্টগ্রাম ময়মনসিংহ, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল ও খুলনা বিভাগের মোট ২৬৭টি উপজেলায় ১৪,০৮৫ কিলোমিটার ড্রাইভ টেস্ট পরিচালন করা হয়েছে। ড্রাইভ টেস্টে চিহ্নিত ত্রুটিসমূহ দূর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অপারেটরদেরকে সময়ে সময়ে নির্দেশনা প্রদান করা হচ্ছে;

- বিটিআরসি'র তত্বাবধানে প্রস্তুতকৃত **Interactive GIS Map** সিস্টেমে সকল অপারেটরের নিজস্ব অপটিক্যাল ফাইবার- এর তথ্য একটি মানচিত্রের বিভিন্ন লেয়ারের মাধ্যমে সম্পৃক্ত করা হয়েছে। এ মানচিত্রের সহায়তায় বর্তমানে সারা দেশের অপটিক্যাল ফাইবারের জেলা/উপজেলা/ইউনিয়ন ভিত্তিক অবস্থান, ক্যাপাসিটিসহ বিস্তারিত কারিগরি তথ্য জানা সম্ভব হচ্ছে।

- কমিশনের ক্রমবর্ধমান লাইসেন্সধারী ডেটা নেটওয়ার্ক সার্ভিস প্রদানকারী অপারেটরদের অপারেশন্স সংক্রান্ত তথ্যদি দ্রুততার সাথে প্রপ্তির লক্ষ্যে ডাটা ইনফরমেশন সিস্টেম হালনাগাদ করা হয়েছে। এতে করে মাসিক ভিত্তিতে আইএলডিসি অপারেটর (বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিঃ, আইটিসি), আইআইজি এবং আইএসপি অপারেটরসমূহের তথ্যপ্রাপ্তি এবং মনিটরিং সম্ভব হচ্ছে।

- দেশে বর্তমানে 3G ভয়েস গ্রাহক সংখ্যা ৩.০৭ কোটি এবং 4G ভয়েস গ্রাহক সংখ্যা ৭.৯১ কোটি এবং 3G ও 4G ইন্টারনেট গ্রাহক সংখ্যা যথাক্রমে ১.৬৩ কোটি এবং ৭.১৭ কোটি। বিগত তিন অর্থবছরে মোট ১২,৮৭,৯৪৬.১৩ লক্ষ টাকা রাজস্ব আহরিত হয়েছে।

- ৩১ মার্চ ২০২২ তারিখে ২.৩ গিগাহার্জ ব্যান্ডের ৭০ মেগাহার্জ এবং ২.৬ গিগাহার্জ ব্যান্ডের ১২০ মেগাহার্জ স্পেকট্রাম নিলামে বরাদ্দ দেওয়া হয়। ১৫ বছরের জন্য যার মূল্য ১.২৩৫ (ভ্যাট ব্যতীত) বিলিয়ন মার্কিন ডলার, যা ১ **USD** = ৮৬.২ BDT হিসাবে বাংলাদেশী টাকায় ১০ হাজার ৬৪৫.৭০ কোটি টাকা।

- ২০২২ এর তরঙ্গ নিলামের পর উল্লেখিত রাজস্ব অর্জনের পাশাপাশি বাংলাদেশে মোবাইল অপারেটরদের মোট অ্যাক্সেস তরঙ্গের পরিমাণ পূর্বের তুলনায় ১২১ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা মোবাইল সেবার মান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উল্লেখ্য, ৮ মার্চ ২০২১ তারিখে ১৮০০ মেগাহার্জ ব্যান্ড থেকে ৭.৪ মেগাহার্জ ও ২১০০ মেগাহার্জ ব্যান্ড থেকে ২০ মেগাহার্জ স্পেকট্রাম নিলামে বরাদ্দ দেওয়া হয়। ব্যান্ডের দক্ষতা বৃদ্ধির উদ্দ্যেশ্যে উক্ত নিলামের পর স্পেকট্রাম রি-অ্যারেঞ্জমেন্ট এর মাধ্যমে উভয় ব্যান্ডে মোবাইল অপারেটরদের অনুকূলে বরাদ্দকৃত তরঙ্গ **Contiguous** করা হয়েছে। ১৫ বছরের জন্য এই তরঙ্গের মূল্য ভ্যাটসহ ৯৬৫.৫১ মিলিয়ন মার্কিন ডলার, ১ **USD** = ৮৪.৮ **BDT** হিসাবে বাংলাদেশী টাকায় যার পরিমাণ ৮,১৮৭.৫৩/- কোটি টাকা।

- মোবাইল হ্যান্ডসেট ব্যবহারের ক্ষত্রে সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখার নিমিত্ত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী **NEIR** সিস্টেম ০১ জুলাই ২০২১ তারিখে পরীক্ষামূলকভাবে চালু করা হয়, যা ০১ নভেম্বর ২০২১ তারিখ হতে পূর্ণাঙ্গভাবে চালু রয়েছে। এ ছাড়া, সমগ্র বাংলাদেশে ইন্টারনেট এবং ডাটা ভিত্তিক সেবা গ্রহীতার সংক্ষ্যা দিন দিন ব্যাপক ভাবে বৃদ্ধি পাচ্ছে।

- বর্ণিত বিষয়টি মাথায় নিয়ে ইন্টারনেট ও ডাটা ব্যান্ডউইথ বৃদ্ধির লক্ষ্যে সরকার বিএসসিসিএল (সরকারি প্রতিষ্ঠান) এর পাশাপাশি বেসরকারি খাতে আরো ৩টি সাবমেরিন ক্যাবল লাইসেন্স প্রদান করেছেন। ২০২১ সালে বিটিআরসি হতে ২৬০ টি এবং ২০২২ সালে ৪৩৮ টি লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

**৭. সংস্থার Key Performance Indicators (KPI):**

- টেলিযোগাযোগ সেবার লাইসেন্স ইস্যু/নবায়ন এবং লাইসেন্স ও পারমিটের আওতায় সেবা ও তরঙ্গ সম্পর্কিত বিভিন্ন ফি ও চার্জ আদায়।

**৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

- সময়ের সাথে সাথে টেলিযোগাযোগ শিল্পের পরিধি বিস্তৃত হওয়াতে বিভিন্ন ক্যাটাগরিতে প্রচুর সংখ্যক লাইসেন্স প্রদান করা এবং সেইসাথে তাদের ব্যবসায়িক স্বার্থ রক্ষা করে সরকারের প্রাপ্য রাজস্ব অর্জনের বিষয়টি নিশ্চিত করা বিটিআরসি'র একটি বড় চ্যালেঞ্জ। প্রযুক্তি নিরপেক্ষতার নতুন ধারায় এ সকল লাইসেন্সধারীর অবস্থান ও সুযোগ নির্ধারণ করাও গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ। **International Long Distance Telecommunication Service (ILDTS)** পলিসি-২০১০ পর্যালোচনা করে সময়োপযোগী একটি নতুন পলিসি করার কার্যক্রম শুরু হয়েছে। তবে নতুন পলিসিতে যে ধরণের পরিবর্তন আসবে বলে আশা করা যাচ্ছে সে ধরণের পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ইন্ডাস্ট্রিতে একটি সাম্য অবস্থা বজায় রাখা বিটিআরসি'র জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

- বিভিন্ন কারণে ভয়েস এবং ডাটা ভিত্তিক সেবার মান নিয়ে গ্রাহক মহলে অসন্তুষ্টি বিরাজমান। আন্তর্জাতিকভাবে স্বীকৃত টেলিকম সেবার মানের সাথে সংগতি রেখে বিটিআরসি টেলিকম সেবার মান নির্ধারণ করে প্রয়োজনীয় রেগুলেশন প্রণয়ন করেছে এবং তদানুযায়ী টেলিকম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। পাশাপাশি

বিটিআরসি’র নিজস্ব যন্ত্রপাতি ব্যবহার করে দেশ ব্যাপী ড্রাইভ টেস্ট কার্যক্রম চলমান রয়েছে। তারপরও কোয়ালিটি অব সার্ভিস আশানুরূপ নয়, এ বিষয়ে গ্রাহকদের চাহিদা অনুযায়ী সেবার মানোন্নয়ন করা বিটিআরসি’র জন্য একটি বড় চ্যালেঞ্জ।

- সুষ্ঠু তরঙ্গ ব্যবস্থাপনার স্বার্থে ২০০৯ সালে তরঙ্গ মনিটরিং এর জন্য বিটিআরসি কর্তৃক ‘‘স্ট্রেংদেনিং দি রেগুলেটরি ক্যাপাসিটি অব বিটিআরসি”-শীর্ষক প্রকল্পের মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, রংপুর ও বগুড়ায় ০৬টি ফিক্সড মনিটরিং স্টেশন, ০৫টি মোবাইল মনিটরিং স্টেশন এবং ০১টি পোর্টেবল মনিটরিং স্টেশন স্থাপন করা হয়েছে। সিস্টেমের যন্ত্রপাতি গুলোর দ্বারা ২০ মেগাহার্জ থেকে ৩ গিগা হার্জ পর্যন্ত তরঙ্গ পরিবীক্ষণ করা যায়। সাম্প্রতিক সময়ে তথ্যপ্রযুক্তির ক্রমবর্ধমান বিকাশ সাধনের মাধ্যমে বিশ্বব্যাপী টেলিযোগাযোগ সেবার ব্যাপক বিস্তৃতি ঘটেছে। বাংলাদেশে বিগত বছরগুলোতে টেলিযোগাযোগ খাতে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে, ফলে একদিকে বিভিন্ন টেলিযোগাযোগ সেবা ও গ্রাহক সংখ্যা যেমন বেড়ে চলেছে অন্য দিকে উচ্চতর ব্যান্ডে নিত্য নতুন টেলিযোগাযোগ সেবা প্রাপ্তির সম্ভাবনা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে সিস্টেমের সাহায্যে তরঙ্গ পরিবীক্ষণ এবং তথ্য-উপাত্তসমূহ পর্যবেক্ষণ ও বিশ্লেষণের জন্য সফ্টওয়্যারগত সক্ষমতার দিকসমূহ খুবই সীমিত মর্মে প্রতীয়মান হয়েছে। বিদ্যমান সিস্টেমটিতে ওয়াইডব্যান্ড রিসিভার ফিল্টার, ইন্টারনেট ম্যাপিং সুবিধা, ফিল্ডস্ট্রেংথ ম্যাপিং সুবিধা, অটোমেটিক ইন্টারফেরেন্স ডিটেকশন (এলার্মফাংশন), অত্যাধুনিক ডিজিটাল সিগনাল পর্যবেক্ষণ ইত্যাদি সুবিধাসমূহ সন্নিবেশ করে আধুনিকায়ন করা প্রয়োজন।
- রাষ্ট্রীয় ও জন নিরাপত্তা বিধান এবং টেলিযোগাযোগ শিল্পে সরকারের রাজস্ব নিশ্চিতকল্পে অবৈধ ভিওআইপি রোধ, মোবাইল সিম এর অপব্যবহার রোধ এবং অবৈধ হ্যান্ডসেট নিবন্ধন, অবৈধ ওয়াকিটকি ব্যাবহার নিয়ন্ত্রণ, লাইসেন্সি প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম তদারকি ইত্যাদি বিষয়ে ইতোমধ্যে নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তবে এসকল পদক্ষেপসমূহকে পাশ কাটিয়েও অপব্যবহার চলমান। নিরাপত্তার স্বার্থে আরও দক্ষ এবং সমন্বিত সিস্টেম স্থাপন করে এ সকল কর্মকান্ড সম্পূর্ণরূপে বন্ধ করা বিটিআরসি’র জন্য একটি বড় চ্যালেঞ্জ।

**৯. ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

১. ডিজিটাল ব্রডকাস্টিং সুইচওভার;

২. সকল মোবাইল অপারেটর কর্তৃক ৫জি মোবাইল সেবা চালুকরণ;

৩. প্রান্তিক পর্যায়ে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সম্প্রসারণ;

৪. কমিশনের সাইবার সিকিউরিটির সেল শক্তিশালীকরণ;

৫. বিটিআরসি’র বিভাগীয় দপ্তরসমূহ চালুকরণ;

৬. স্পেকট্রাম মনিটরিং সিস্টেমের আপগ্রেডেশন এবং সম্প্রসারণ;

৭. ইউনিফাইড লাইসেন্সিং;

৮. লাইসেন্সিং রেগুলেশন সংশোধন করে জারীকরণ;

৯. টেলিযোগাযোগ সেবা- ইন্টারনেট, ডিজিটাল সার্ভিস ইত্যাদি সেবাসমূহের মূল্য হ্রাস;

১০. কোয়ালিটি অব সার্ভিস বেঞ্চমার্কিং এর আপগ্রেডেড যন্ত্রপাতির দেশব্যাপী ড্রাইভ টেস্ট পরিচালনা;

১১. দেশব্যাপি রেডিয়েশন পরিমাপ সংক্রান্ত অপারেশনাল কার্যক্রম পরিচালনা;

১২. সমন্বিত জিআইএস ইন্টারঅ্যাক্টিভ ম্যাপ ক্রয়;

১৩. **Data Information System (DIS)** আপগ্রেডেশন;

১৪. সাবস্ক্রাইবার ভেরিফিকেশন ও কানেকশন অ্যাক্টিভেশন্স সিস্টেমের উন্নয়ন;

১৫. ভবিষ্যৎ প্রযুক্তি (কৃত্রিম বুদ্ধিমত্তা, বিগ ডাটা, ব্লক চেইন, আইওটি) প্রভৃতি এর বিকাশে প্রয়োজনীয় গবেষণা সহায়তা;

১৬. মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিসের বিকাশ;

১৭. ইন্টারনেট মিডিয়ামে নিরাপত্তা নিশ্চিতকরণে সিস্টেম স্থাপন;

১৮. **Consumer** প্রোটেকশন নীতিমালা নিশ্চিতকরণে সিস্টেম স্থাপন;

১৯. গ্রাহক অভিযোগ ব্যবস্থাপনার উন্নয়ন;

২০. Data Cost Modelling Implementation;

২১. Review of ILDTS Policy;

২২. Implementation of Significant Market Power (SMP);

২৩. Introduction of Fraud Management System;

২৪. Specturm Monitoring সিস্টেম এর আধুনিকায়ন;

২৫. NEIR (Natioal Equipment Identity Register) বাস্তবায়ন;

২৬. Fine Regulation প্রস্তুত;

২৭. SIMBOX Detection System ক্রয়;

২৮. অনলাইন লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন; এবং

২৯. বেসরকারি পর্যায়ে সাবমেরিন ক্যাবল সিস্টেমস এন্ড সার্ভিসেস লাইসেন্স প্রদান।

**১০.সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত, ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০২১-২২ অথবছরের মোট আয়, মোট ব্যয় ও ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) নিম্নরূপ:**

**(লক্ষ টাকা)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | মোট আয় | ৩৫৫৫০০.০০ | ৩৪৩০০০.০০ | ৩৪২০০০.০০ | ৪৩৬৮৬০.৯১ |
| ২. | মোট ব্যয় | ১০৪০২৬.৫০ | ৫৮৬৯৯.৭৫ | ১০৫৬৫১.৯৬ | ৫৩৭৯৪.০৫ |
| ৩. | ব্যয় উদ্বৃত্ত আয় / (ঘাটতি) | ২৫১৪৭৩.৫০ | ২৮৪৩০০.২৫ | ২৩৬৩৪৮.০৪ | ৩৮৩০৬৬.৮৬ |

## ১১. বাজেট পর্যালোচনা

### ক. পরিচালন বৃত্তান্ত

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন আইএসপি/ ভিস্যাট, রুরাল টেলিফোন এবং ৪টি মোবাইল ফোনের (গ্রামীণ, বাংলালিংক, রবি ও টেলিটক) এর কার্যাবলি নিয়ন্ত্রণ করে থাকে। ২০২১-২২ অর্থবছরে ৪টি মোবাইল ফোন কোম্পানির সর্বমোট গ্রাহক সংখ্যা ছিল ১৮.৪৪ কোটি। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোবাইল ফোন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৮.২৮ কোটি ও ১৮.৫৫ কোটি হবে মর্মে হিসাব করা হয়েছে।

### খ. আয়-ব্যয়

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৩৪৩০.০০ কোটি ও ৩৫৫৫.০০ কোটি টাকা আয় করবে মর্মে আশা করা যাচ্ছে। কমিশনের কমিশনার, কর্মচারীদের বেতন-ভাতাদি, প্রশাসনিক ব্যয়, মূলধনী ব্যয় ও অন্যান্য ব্যয় বাবদ যথাক্রমে ৫৮৭.০০ কোটি ও ১০৪০.২৭ কোটি টাকা ব্যয় হবে মর্মে হিসেব করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে কমিশনের কমিশনার, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি, প্রশাসনিক ব্যয়, অন্যান্য ব্যয় এবং মূলধন খাতে ব্যয়সহ সর্ব মোট ব্যয় হয়েছিল ৫৩৭.৯৪ কোটি টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয় হয়েছিল ৩৮৩০.৬৭ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২৮৪৩.০০ কোটি ও ২৫১৪.৭৪ কোটি টাকা ব্যয় উদ্বৃত্ত আয় হবে মর্মেবলে আশা করা যাচ্ছে। কমিশনের আইন অনুযায়ী বিটিআরসি উক্ত উদ্বৃত্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে সরকারের রাজস্ব বাজেটে উল্লেখযোগ্য অবদান রাখবে মর্মে আশা করা যাচ্ছে।

### গ. মুনাফা ও তহবিল প্রবাহ

কমিশনের ব্যয় উদ্বৃত্ত আয়, অবচয় ও অন্যান্য বাবদ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৩৩০৩.৭৫ কোটি ও ৩৪০২.৪০ কোটি টাকার তহবিলের যোগান হবে মর্মে আশা করা যাচ্ছে। কমিশন ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে স্থায়ী পরিচালন সম্পত্তিতে যথাক্রমে ২৬০.৭৪ কোটি ও ৬৮৭.৬৭ কোটি টাকা বিনিয়োগ এবং আয় থেকে ব্যয় নির্বাহের পর উদ্বৃত্ত/সমাপনী অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের পর কোন উদ্বৃত্ত/ঘাটতি তহবিল থাকবে না। ২০২১-২২ অর্থবছরে বিনিয়োগের পরিমাণ ছিল ২৪৯.৬৪ কোটি টাকা। উল্লিখিত সময়েও কোনরূপ উদ্বৃত্ত/ঘাটতি তহবিল ছিল না।

### ঘ. মূলধন কাঠামো

২০২২ সালের ৩০ জুন কমিশনের মোট সম্পদের পরিমাণ ছিল ৩৫৩৩.৮৫ কোটি টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ০:১০০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিনিয়োগ বৃদ্ধির ফলে মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৬৩৭.৫৯ কোটি ও ৯৮৩৯.৯৯ কোটি টাকায় দাঁড়াবে মর্মে হিসাব করা হয়েছে।

### ঙ. সরকারি কোষাগারে প্রদেয়

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন আইএসপি, ভিস্যাট, মোবাইল, রুরাল টেলিফোন ইত্যাদি প্রতিষ্ঠান হতে লাইসেন্স ফি, রয়্যালটি, ফ্রিকুয়েন্সি সার্ভিস চার্জ ইত্যাদি বাবদ প্রাপ্য অর্থ হ'তে কমিশনের পরিচালন ও মূলধনী ব্যয় বাদ দেয়ার পর সংস্থার গঠন সংক্রান্ত আইনানুযায়ী অবশিষ্ট অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে থাকে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২৮৪৩.০০ কোটি ও ২৫১৪.৭৪ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে। কমিশন ২০২১-২২ অর্থবছরে ৩৮৩০.৬৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করছে।

**চ. জনবল**

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের ৪৫৫টি মঞ্জুরিকৃত পদের বিপরীতে অনিয়মিত শ্রমিকসহ মোট জনবলের সংখ্যা ছিল ৩৭০ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে জনবলের প্রত্যাশিত সংখ্যা ৩৭০ জন হবে মর্মে হিসাব করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৬,৫১,৫৫৬.০০ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭,৪২,৩০৮.০০ টাকা ও ৮,০৬,৪১০.০০ টাকায় দাঁড়াবে মর্মে অনুমান করা যাচ্ছে।

**প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **পরিমান ( মোবাইল ফোন গ্রাহক সংখ্যা):** | | | | | |
| ১ . গ্রামীণ মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৮২১.৭৩ | ৮০৫.৬২ | ৯০৪.৩৩ | ৮৪৭.৯৬ |
| ২ . রবি মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৫৫৭.১৬ | ৫৫১.৬৫ | ৫৭১.৫৮ | ৫৪৫.৩০ |
| ৩ . সিটিসেল মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . বাংলালিংক মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৪০৮.০৮ | ৪০৪.০৪ | ৪০৩.০৫ | ৩৮৩.৬৯ |
| ৫ . টেলিটক মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৬৭.৬১ | ৬৬.৯৪ | ৬৫.৯৭ | ৬৭.৫০ |
| ৬ . এয়ারটেল মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . অন্যান্য মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . মোট মোবাইল ফোন গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১৮৫৪.৫৮ | ১৮২৮.২৫ | ১৯৪৪.৯৩ | ১৮৪৪.৪৫ |
| **মোবাইল ফোন কল সংখ্যা(প্রকৃত লোকাল কল মিনিট):** | | | | | |
| ৯ . গ্রামীণ মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ১১৬৪৩২২.৬২ | ১২৯৩৬৯১.৮০ | ১১৭০৩৭১.৭২ | ১৪৩৭৪৩৫.৩৪ |
| ১০ . রবি মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৫৮৮৬৮৫.৭৭ | ৬৫৪০৯৫.৩০ | ৫৮৬৮৯৪.০৫ | ৭২৬৭৭২.৫৫ |
| ১১ . সিটিসেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . বাংলালিংক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৩৮৩৬৭০.১৯ | ৪২৬৩০০.২১ | ৩৭২২৪০.১৯ | ৪৭৩৬৬৬.৯০ |
| ১৩ . টেলিটক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৪৭১৩৫.৮৯ | ৫২৩৭৩.২২ | ৬০৭৭৪.৯২ | ৫৮১৯২.৪৬ |
| ১৪ . এয়ারটেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ . অন্যান্য মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬ . মোট মোবাইল ফোন কল মিনিট(লোকাল) | লাখ মিনিট | ২১৮৩৮১৪.৪৭ | ২৪২৬৪৬০.৫৩ | ২১৯০২৮০.৮৮ | ২৬৯৬০৬৭.২৫ |
| **মোবাইল ফোন কল সংখ্যা(প্রকৃত বিদেশ কল মিনিট) :** | | | | | |
| ১৭ . গ্রামীণ মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৩৮৯৯৩.৭৮ | ৪৩৩২৬.৪৩ | ৩৯৫৪৪.৩৩ | ৪৮১৪০.৪৭ |
| ১৮ . একটেল/রবি মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ২২৩৩১.৮১ | ২৪৮১৩.১৫ | ২০৮৮০.৬৭ | ২৭৫৭০.১৭ |
| ১৯ . সিটিসেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . বাংলালিংক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৭২৮৩.৬৯ | ৮০৯২.৯৯ | ৭৬০৮.৪৫ | ৮৯৯২.২১ |
| ২১ . টেলিটক মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ৫৪৫.৮২ | ৬০৬.৪৬ | ৪৮২.৪২ | ৬৭৩.৮৫ |
| ২২ . ওয়ারিদ/এয়ারটেল মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . অন্যান্য মোবাইল ফোন কল মিনিট | লাখ মিনিট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ . মোট মোবাইল ফোন কল মিনিট (বিদেশ) | লাখ মিনিট | ৬৯১৫৫.১০ | ৭৬৮৩৯.০৩ | ৬৮৫১৫.৮৭ | ৮৫৩৭৬.৭০ |
| **ইন্টারনেট গ্রাহক সংখ্যা :** | | | | | |
| ২৫ . গ্রামীণ মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৪৪০.৫২ | ৪৩৯.২১ | ৫২৫.২২ | ৪৭৭.৬৬ |
| ২৬ . একটেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ৪৩৭.৩৩ | ৪১৬.৫০ | ৪১৩.৮৩ | ৪১০.২৪ |
| ২৭ . সিটিসেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮ . বাংলালিংক মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ২৮৮.৯৯ | ২৭৫.২৩ | ২৭০.৭৩ | ২৬৪.১১ |
| ২৯ . টেলিটক মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১১.৮১ | ১১.২৫ | ১২.৯২ | ১২.১০ |
| ৩০ . এয়ারটেল মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩১ . অন্যান্য মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১২০.১৩ | ১১৯.৫৪ | ১১৪.০০ | ১১১.৩৭ |
| ৩২ . মোট মোবাইল ইন্টারনেট গ্রাহক সংখ্যা | লাখ গ্রাহক | ১২৯৮.৭৮ | ১২৬১.৭৩ | ১৩৩৬.৭০ | ১২৭৫.৪৮ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪**

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **অন্যান্য সংযোগ সংখ্যা :** | | | | | |
| ৩৩ . গ্রামীণ মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৪ . রবি মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৫ . সিটিসেল মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৬ . বাংলালিংক মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৭ . টেলিটক মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৮ . এয়ারটেল মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৯ . অন্যান্য মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪০ . মোট মোবাইল অন্যান্য সংযোগ সংখ্যা | লাখ সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **রাজস্ব :** | | | | | |
| ৪১ . গ্রামীণ মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ৮০৩১১.২৭ | ৭২৯২৭.০০ | ৭১১২৫.৮১ | ৮৫৫৮৬.১৬ |
| ৪২ . রবি মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ৩৭৭৭২.৭৮ | ৩৪৩৬৬.৬১ | ৩৪৮১০.৩৭ | ৪০২০৫.৯৫ |
| ৪৩ . সিটিসেল মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৪ . বাংলালিংক মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ২৬১০৮.১১ | ২৩৭৯২.৮০ | ২১৫৮২.৪০ | ২৭৭৬২.০৪ |
| ৪৫ . টেলিটক মোবাইল ফোন কোং এর প্রদেয় রাজস্ব | লাখ টাকা | ১০০৭.৮৪ | ৯১৩.৫৯ | ৩৪৮১.৪২ | ১০৭৫.১৭ |
| ৪৬ . এয়ারটেল মোবাইল ফোন কোং এর রাজস্ব | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৭ . অন্যান্য রাজস্ব | লাখ টাকা | ২১০৩০০.০০ | ২১১০০০.০০ | ২১১০০০.০০ | ২৮২২৩১.৫৮ |
| ৪৮ . মোট রাজস্ব (৪১+..+৪৭)(তফসিল-ক) | লাখ টাকা | ৩৫৫৫০০.০০ | ৩৪৩০০০.০০ | ৩৪২০০০.০০ | ৪৩৬৮৬০.৯০ |
| ৪৯ . - প্রতি গ্রাহক হতে প্রাপ্ত গড় রাজস্ব | টাকা | ১৯১.৬৯ | ১৮৭.৬১ | ১৭৫.৮৪ | ২৩৬.৮৫ |
| ৫০ . - প্রতি লোকাল কল হতে প্রাপ্ত গড় রাজস্ব | টাকা | ০.১৬ | ০.১৪ | ০.১৬ | ০.১৬ |
| **ব্যয় :** | | | | | |
| ৫১ . বেতন ও ভাতাদি | লাখ টাকা | ৩৫৮০.৫০ | ৩২৮৬.০০ | ৩২৭৯.৫০ | ২৯২৭.৮৩ |
| ৫২ . ভবিষ্য তহবিল ও গ্র্যাচ্যুইটি | লাখ টাকা | ৩৯০০.০০ | ৩৮৬০.০০ | ৩৭৮০.০০ | ৩২৬৯.৪৮ |
| ৫৩ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | লাখ টাকা | ৬৭৬.০০ | ২৫৮.০০ | ৭২১.৩৪ | ১১৭.২৬ |
| ৫৪ . অবচয় | লাখ টাকা | ২০০০০.০০ | ২০০০০.০০ | ২১৫০০.০০ | ১৯৫৬৩.৫০ |
| ৫৫ . প্রশিক্ষণ | লাখ টাকা | ২০০.০০ | ৫০.০০ | ২০০.০০ | ২৯.৫৮ |
| ৫৬ . সিএনজি, পেট্রল, অকটেন, লুব্রিকেন্ট ইত্যাদি | লাখ টাকা | ২১২.০০ | ২১২.০০ | ২১২.০০ | ১৪১.৪৫ |
| ৫৭ . সমাজ কল্যাণ ব্যয় | লাখ টাকা | ২২৫.০০ | ২২৫.০০ | ২২৫.০০ | ২২৪.২০ |
| ৫৮ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | লাখ টাকা | ২২০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ০.০০ |
| ৫৯ . ভর্তুকি | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬০ . পরিশোধিতব্য সুদ | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬১ . অন্যান্য | লাখ টাকা | ৬২৪৬.৫০ | ৪৫১৪.৫০ | ৯৩১৯.৫০ | ২৫৫৭.২৩ |
| ৬২ . মোট ব্যয় (৫১+..+৬১) (তফসিল-খ) | লাখ টাকা | ৩৫২৬০.০০ | ৩২৬২৫.৫০ | ৩৯৪৫৭.৩৪ | ২৮৮৩০.৫৩ |
| ৬৩ . - মোট রাজস্বের হার | % | ৯.৯২ | ৯.৫১ | ১১.৫৪ | ৬.৬০ |
| ৬৪ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (৪৮-৬২) | লাখ টাকা | ৩২০২৪০.০০ | ৩১০৩৭৪.৫০ | ৩০২৫৪২.৬৬ | ৪০৮০৩০.৩৭ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২৩-২৪**

**(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ৯০০.০০ | ৯০০.০০ | ৮৫২.৩৫ | ৫৭৬.৯০ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . প্রাপ্য সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . অন্যান্য | ৩৫৪৬০০.০০ | ৩৪২১০০.০০ | ৩৪১১৪৭.৬৫ | ৪৩৬২৮৪.০১ |
| ১২ . মোট আয় | ৩৫৫৫০০.০০ | ৩৪৩০০০.০০ | ৩৪২০০০.০০ | ৪৩৬৮৬০.৯১ |
| **ব্যয়** | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ৩৫৮০.৫০ | ৩২৮৬.০০ | ৩২৭৯.৫০ | ২৯২৭.৮৩ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ৩৯০০.০০ | ৩৮৬০.০০ | ৩৭৮০.০০ | ৩২৬৯.৪৮ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৬৭৬.০০ | ২৫৮.০০ | ৭২১.৩৪ | ১১৭.২৬ |
| ১৬ . অবচয় | ২০০০০.০০ | ২০০০০.০০ | ২১৫০০.০০ | ১৯৫৬৩.৫০ |
| ১৭ . প্রশিক্ষণ | ২০০.০০ | ৫০.০০ | ২০০.০০ | ২৯.৫৮ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ২১২.০০ | ২১২.০০ | ২১২.০০ | ১৪১.৪৫ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ২২৫.০০ | ২২৫.০০ | ২২৫.০০ | ২২৪.২০ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ২২০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ০.০০ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . অন্যান্য | ৭৫০১৩.০০ | ৩০৫৮৮.৭৫ | ৭৫৫১৪.১২ | ২৭৫২০.৭৫ |
| ২৪ . মোট ব্যয় | ১০৪০২৬.৫০ | ৫৮৬৯৯.৭৫ | ১০৫৬৫১.৯৬ | ৫৩৭৯৪.০৫ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ২৬৬৭৩৪৬১.৫৪ | ১৫০৫১২১৭.৯৫ | ২৫২৭৫৫৮৮.৫২ | ১৩৭৯৩৩৪৬.১ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ২৫১৪৭৩.৫০ | ২৮৪৩০০.২৫ | ২৩৬৩৪৮.০৪ | ৩৮৩০৬৬.৮৬ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২৩-২৪** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১ . প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . ব্যয় উদ্বৃত্ত আয় | ২৫১,৪৭৩.৫০ | ২৮৪,৩০০.২৫ | ২৩৬,৩৪৮.০৪ | ৩৮৩,০৬৬.৮৬ |
| ৩ . অবচয় | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | ২১,৫০০.০০ | ১৯,৫৬৩.৫০ |
| ৪ . অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . প্রাপ্য নতুন মূলধন | ৬৮,৭৬৬.৫০ | ২৬,০৭৪.২৫ | ৬৬,১৯৪.৬২ | ২৪,৯৬৩.৫২ |
| ৬ . প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০ . পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . মোট তহবিল সংগ্রহ | ৩৪০,২৪০.০০ | ৩৩০,৩৭৪.৫০ | ৩২৪,০৪২.৬৬ | ৪২৭,৫৯৩.৮৮ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩ . আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪ . পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬ . স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ৬৮,৭৬৬.৫০ | ২৬,০৭৪.২৫ | ৬৬,১৯৪.৬২ | ২৪,৯৬৩.৫২ |
| ১৭ . অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ . মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | ২১,৫০০.০০ | ১৯,৫৬৩.৫০ |
| ২০ . সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১ . অন্যান্য | ২৫১,৪৭৩.৫০ | ২৮৪,৩০০.২৫ | ২৩৬,৩৪৮.০৪ | ৩৮৩,০৬৬.৮৬ |
| ২২ . মোট তহবিল প্রয়োগ | ৩৪০,২৪০.০০ | ৩৩০,৩৭৪.৫০ | ৩২৪,০৪২.৬৬ | ৪২৭,৫৯৩.৮৮ |
| ২৩ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন২০২৪ **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ৩০ জুন ২০২৪ | সংশোধিত ৩০ জুন ২০২৩ | প্রকৃত ৩০ জুন ২০২২ |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ৪৪৮২২৫.৪২ | ৩৭৯৪৫৮.৯২ | ৩৫৩৩৮৪.৬৭ |
| ২. সংরক্ষিত তহবিল | ৫৩৫৭৭৩.৭৫ | ২৮৪৩০০.২৫ | ০.০০ |
| ৩. ইক্যুইটি | ৯৮৩৯৯৯.১৭ | ৬৬৩৭৫৯.১৭ | ৩৫৩৩৮৪.৬৭ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. মোট দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. মোট তহবিল | ৯৮৩৯৯৯.১৭ | ৬৬৩৭৫৯.১৭ | ৩৫৩৩৮৪.৬৭ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ০ : ১০০ | ০ : ১০০ | ০:১০০ |
| ৯. চলতি অনুপাত | ০.০০ : ১ | ০.০০ : ১ | ০.০০ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ০ : ১ | ০ : ১ | ০ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ৩৮৮৬৬২.৩৯ | ৩১৯৮৯৫.৮৯ | ২৯৩৮২১.৬৪ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ১১২৯৮৪.২৯ | ৯২৯৮৪.২৯ | ৭২৯৮৪.২৯ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ২৭৫৬৭৮.১০ | ২২৬৯১১.৬০ | ২২০৮৩৭.৩৫ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. চলতি সম্পদ | ৭০৮৩২১.০৭ | ৪৩৬৮৪৭.৫৭ | ১৩২৫৪৭.৩২ |
| ১৬. মোট সম্পদ | ৯৮৩৯৯৯.১৭ | ৬৬৩৭৫৯.১৭ | ৩৫৩৩৮৪.৬৭ |

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

